

## রোগীদের বাড়িতে যাওয়ার জন্য ছেড়ে দেওয়া

ইতিবাচক কোভিড-১৯ পরীক্ষার ফলাফল সহ অথবা এখনও যারা কোভিড-১৯ পরীক্ষার ফলাফলের জন্য অপেক্ষা করছেন, যদি তারা বাড়ি যাওয়ার মতো ক্লিনিক্যালি ভাল অবস্থায় থাকেন সেক্ষেত্রে সেই রোগীদের বাড়িতে যাওয়ার জন্য ছেড়ে দেওয়া যেতে পারে। কোভিড-১৯ পরীক্ষার শুধুমাত্র অনিশ্পন্ন ফলাফলের জন্য রোগীদেরকে একিউট হাসপাতালে রাখার কোনো কারণ নয়।

বাসায় যাওয়ার জন্য ছাড়প্রাপ্ত যে সকল রোগীদের কোভিড-১৯ পরীক্ষার ফলাফল অনিশ্পন্ন রয়েছে বা নিশ্চিত কোভিড-১৯ রয়েছে তাদের পাবলিক হেলথ ইংল্যান্ড হোম আইসোলেশন নির্দেশনা মেনে চলা উচিত। (পিডিএফ পাওয়া যাচ্ছে)

কেয়ার হোমে যাওয়ার জন্য ছাড়প্রাপ্ত সেই সকল রোগী, যাদের সম্ভাব্য কোভিড-১৯ সংক্রমণ পরীক্ষার জন্য সোয়াব নমুনা নেওয়া হয়েছে তাদেরকে ছাড় দেওয়ার পূর্বে পরীক্ষার ফলাফল নিশ্চিতভাবে নেতিবাচক হতে হবে, যেন কেয়ার হোম পরিবেশের মধ্যে সংক্রমণ হওয়ার সম্ভাবনাকে কমিয়ে আনা যায়।